দৈনিক ইত্তেফাক

তারিখ 22-DEC-1990
পৃষ্ঠা ১ কলাম ১

79

## ২৪শে ডিসেম্বর ঢাকা ভার্সিটি শিক্ষক সমিতির নির্বাচন

(ইত্তেফাক রিপোর্ট)

২৪শে ডিসেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে অনুষ্ঠিত হইবে। এবারের নির্বাচন শিক্ষকদের ২টি গ্রুপ 'সাদা' ও

(১১শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ২৪শে ডিসেম্বর

(১ম পৃঃ পর)

'নীল' প্রতিদ্বন্দ্বিতা করিবে। সাদা গ্রুপ হইতে সভাপতি পদে সমাজ বিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর আনোয়ার উল্লাহ চৌধুরী, সাধারণ সম্পাদক পদে প্রাণ রসায়ন বিভাগের শিক্ষক ডঃ আনোয়ার হোসেন এবং 'নীল' গ্রুপ হইতে সভাপতি পদে রসায়ন বিভাগের শিক্ষক ডঃ আবদুল জব্বার মিঞা, সাধারণ সম্পাদক পদে প্রাণীবিদ্যা বিভাগের শিক্ষক ডঃ মোঃ শাহাদৎ আলী প্রতিদ্বন্দ্বিতা করিবেন। উল্লেখ্য, শিক্ষকদের অপর গ্রুপ 'গোলাপী' নির্বাচনে প্রার্থী দেয় নাই। তবে লিফলেটের মাধ্যমের সাদা গ্রুপের বিরুদ্ধে বিভিন্ন বক্তব্য প্রদান করিয়াছে।